

স্বাক্ষর

কারিগরি শিক্ষা বোর্ডের মেডিক্যাল টেকনোলজি কোর্স নিয়ে বিভ্রান্তির অবসান

বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের মেডিক্যাল টেকনোলজি ফ্যাকাল্টির অধীনে পরিচালিত হেলথ টেকনোলজি কোর্স নিয়ে সর্বশেষ বিভ্রান্তি দূরীভূত হয়েছে। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপনে বলা হয়েছে, অত্র শিক্ষাবোর্ডের অধীনে ২০০৩ সাল থেকে পরিচালিত ৭৭টি স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান বর্তমান অবস্থাতেই হেলথ টেকনোলজি কোর্স পরিচালিত করতে পারবে। ইতিপূর্বে এ ব্যাপারে শিক্ষা, আইন ও স্বাস্থ্য মন্ত্রণালয় সমন্বয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠকে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত হয়। ফর্মি-এর সভাপতি ডাঃ এম এ রাসেল ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের মেডিক্যাল টেকনোলজি ফ্যাকাল্টির সদস্য ডাঃ এন এম, কিরণ এক বিবৃতিতে দক্ষ দক্ষ বেকারের হাতকে দক্ষ কর্মীতে রূপান্তরে কারিগরি শিক্ষাবোর্ডের এ উদ্যোগকে চালু রাখার দক্ষতা যারা সহযোগিতা করেছেন তাদের বিশেষ করে প্রধান উপদেষ্টার প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন। একইভাবে কৃতজ্ঞতা জানিয়েছেন কানাডা-বাংলাদেশ ইনস্টিটিউট অব মেডিক্যাল টেকনোলজি এবং বিআইএমএলটির উপদেষ্টা চেয়ারম্যান অ্যাঃ ওয়াহাব খান।-হেলথ বিভাগ